২৫।

দৈনিক সংবাদ

তারিখ 12 DEC 1997
পৃষ্ঠা ১ কলাম ১

# আগামী ২৮শে মে এইচএসসি পরীক্ষা

(নিজস্ব বার্তা পরিবেশক)

১৯৯৮ সালের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) পরীক্ষা ২৮শে মে অনুষ্ঠিত হবে। এ ব্যাপারে দিন কয়েকের মধ্যে চূড়ান্ত ঘোষণা আসতে পারে।

শিক্ষা মন্ত্রণালয়ের একটি সূত্রে এ তথ্য জানা গেছে।

গত সোমবার শিক্ষা মন্ত্রণালয়ের সবগুলো শিক্ষা বোর্ডের চেয়ারম্যানদের এক সভায় পরীক্ষার তারিখ নিয়ে আলোচনা হয়েছে। তবে চূড়ান্ত সিদ্ধান্ত হয়নি। আনুষঙ্গিক অন্যান্য বিষয় বিবেচনা করে শিক্ষা মন্ত্রণালয় চূড়ান্ত সিদ্ধান্ত নেবে।

চলতি বছর (১৯৯৭) এইচএসসি পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে ৮ই মে। আগামী বছর পরীক্ষার তারিখ ২০ দিন পিছিয়ে নির্ধারণ করা হচ্ছে।

আগামী বছর মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষাও এ

এইচএসসি ঃ পৃঃ ৭ কঃ ৪

## এইচএসসি ঃ ২৮শে মে

(১ম পৃষ্ঠার পর)

বছরের চেয়ে ৪০ দিন পিছিয়ে দেয়া হয়েছে। চলতি বছর (১৯৯৭) এসএসসি পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে ৬ই মার্চ। আগামী বছর (১৯৯৮) অনুষ্ঠিত হবে ১৬ই এপ্রিল।

শিক্ষা মন্ত্রণালয়ের একটি সূত্র জানিয়েছেন, আগামী বছর (১৯৯৮) নতুন সিলেবাস অনুযায়ী এসএসসি পরীক্ষা হবে। ছাত্রছাত্রীদের কিছু বেশি সময় ধরে প্রস্তুতি নেয়ার সুযোগ দেয়ার জন্যই পরীক্ষার তারিখ ৪০ দিন পিছিয়ে দেয়া হয়েছে। এসএসসি পরীক্ষা পেছানোর কারণে এইচএসসি পরীক্ষাও পেছাতে হয়েছে। এইচএসসি'র সিলেবাস পরিবর্তনের কোন ব্যাপার নেই।

### ভুল সংশোধন

গত বুধবার সংবাদ-এর প্রথম পাতায় প্রকাশিত '১০ হাজার উত্তরপত্র পুনঃ-পরীক্ষা হচ্ছে' শীর্ষক খবর সম্পর্কে ঢাকা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক প্রফেসর আবদুল লতিফ জানিয়েছেন, উত্তরপত্র 'পুনঃপরীক্ষা' নয় 'পুনঃ নিরীক্ষা' করা হচ্ছে।